তারিখ, ১২ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.২০১৫-৫১৭—হবিগঞ্জ জেলার হবিগঞ্জ সদর থানার ডিআর নং-৩৮৫৬, তারিখ ০৪-০৮-২০১৫খ্রিঃ মোতাবেক আসামীগণ হবিগঞ্জ জেলা কারাগারে অন্তরীণ থাকা সাবেক অর্থমন্ত্রী শাহ্ এ এস এম কিবরিয়া হত্যা মামলার চার্জশীটভুক্ত আসামী হবিগঞ্জ পৌরসভার সাবেক মেয়র ও হবিগঞ্জ জেলা বিএনপি'র সাধারণ সম্পাদক জি কে গইছ (৪৮), পিতা মৃত গোলাম মোর্তজা @ লাল মিয়া, সাং শায়েস্তানগর আ/এ থানা+জেলা হবিগঞ্জসহ উক্ত কারাগারে অন্তরীণ থাকা অবস্থায় অন্যান্য কয়েকজন আসামী কর্তৃক মহান জাতীয় সংসদের হবিগঞ্জ-লাখাই আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ আবু জাহির মহোদয় ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত মহোদয়কে হত্যার জন্য গোপনে ষড়যন্ত্র ও পরিকল্পনা করার অভিযোগে আসামীদের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০ সনের ১২০-খ ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬-ক ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.২০১৫-৫১৮—পটুয়াখালী জেলার দুমকি থানার সাধারণ ডায়রী নম্বর-৯৩৫, তারিখ ২৫-০৬-২০১৫খ্রিঃ মোতাবেক আসামীগণ অত্র থানাধীন দুমকি নসিব সিনেমা হল পট্টির পশ্চিম দিকে দুমকি উপজেলা জাতীয়বাদী দলের কার্যালয়ের দক্ষিণ পার্শ্বে জনৈক আবুল কালাম খানের নির্মানাধীন ভবনের নিচতলায় বসে ৩০/৩৫ জন বিএনপি/জামায়াত এর অঙ্গ-সংগঠনের নেতাকর্মী বিভিন্ন অপরাধমূলক ষড়যন্ত্র তথা তাদের সাংগঠনিক কার্যক্রম জোরদার করতঃ থানা এলাকায় নাশকতা, গুরুত্বপূর্ণ স্থাপনায় হামলা, লেবুখালী ফেরীঘাট অচল, রাস্তার পার্শ্বে গাছ কেটে রাস্তার বেরিকেট সৃষ্টি, যানবাহনে অগ্নি সংযোগ, পেট্রোলবোমা বিস্ফোরণ ঘটানোর উদ্দেশ্যে বেআইনী জনতায় দলবদ্ধ হয়ে অপরাধমূলক ষড়যন্ত্রে লিপ্ত থাকার অভিযোগে আসামীদের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০ সনের ১২০-খ ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬-ক ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০১.২০১৫-৫২৬—ডিএমপি, ঢাকার মিরপুর মডেল থানার মামলা নম্বর-৮৬, তারিখ ২৪-০১-২০১৫ খ্রিঃ "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ৬(২) ধারায় মামলার আসামীগণ মিরপুর মডেল থানাধীন মধ্যপীরের বাগ শিমুলতলা বাইতুল মামুর জামে মসজিদের সামনের গেইটে অভিযুক্ত মোঃ ইমরান হাসান চৌধুরী @ পাভেল (২৪) পিতা ইলিয়াস চৌধুরী, সাং জয়াগ, থানা সোনাইমুড়ি, জেলা নোয়াখালী এ/পি-আনসার ক্যাম্প সুরুজ খান বৌ বাজারের পিছনে নিরভানা বিল্ডিং, বাসা নং-৫২/৩, থানা মিরপুর, ঢাকা গং বাংলাদেশের অখন্ডতা, জননিরাপত্তা, সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য জনসাধারণকে ও সেনাবাহিনীর অফিসারদেরকে প্ররোচিত করার উদ্দেশ্যে লিফলেট বিতরণ করে রাষ্ট্রের বিরুদ্ধে ক্ষতিকর কার্য সাধনের মাধ্যমে সরকার উৎখাতের ষড়যন্ত্রসহ অন্যান্য গোপন ষড়যন্ত্রে লিপ্ত থাকার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০১.২০১৫-৫২৭—ডিএমপি, ঢাকার তেজগাঁও থানার মামলা নম্বর-১১, তারিখ ০৭-০৩-২০১৫ খ্রিঃ "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}" এর ৬(১)(২)/১২ ধারায় মামলার আসামীগণ তেজগাঁও থানাধীন জামিয়া আম্বরশাহ আল ইসলামীয়া মসজিদের পশ্চিমপার্শ্বে রাস্তার উপর অভিযুক্ত মোঃ হারুন (২৮), পিতা ইউসুফ আলী, সাং বিষ্ণপুর, থানা ও জেলা চাঁদপুর এ/পি-বাসা নং-৩০, রোড নং-৩০, ইস্কাটন রোড, রমনা, ঢাকা গং পরস্পর যোগসাজশে বিস্ফোরণ ঘটিয়ে পুলিশ সদস্যদের হত্যার চেষ্টা, ব্যক্তি ও যানবাহনের ক্ষতিসাধনসহ সন্ত্রাসী কার্যকলাপ এবং সহায়তা করার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)" এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খাদিজা তাহের ববি
সিনিয়র সহকারী সচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৬ ভাদ্র ১৪২২/৩১ আগস্ট ২০১৫

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৫-৫৩৫—ব্রাহ্মণবাড়ীয়া জেলার ব্রাহ্মণবাড়ীয়া মডেল থানার মামলা নম্বর-৮৫, তারিখ ২৫-০৪-২০১৫ খ্রিঃ মূলে বাদী মোঃ নাছিম মিয়া, পিতা মৃতঃ দেওয়ান আলী, সাং চান্দিয়ারা, ইউপিঃ বুধল, থানা+জেলা ব্রাহ্মণবাড়ীয়া এজাহার দায়ের করেন। মামলার ঘটনাটি বাহরাইন এর ইছাটাউন থানাধীন এলাকায় এবং ব্রাহ্মণবাড়ীয়া জেলার ব্রাহ্মণবাড়ীয়া মডেল থানাধীন এলাকায় সংঘটিত হয়েছে। মামলার অভিযোগে বর্ণিত অপহরণ ও স্ট্যাম্পে দস্তগতসহ অন্যান্য অপরাধের সিংগভাগ ঘটনার সংঘটিত স্থল বাংলাদেশের বাহিরে অর্থাৎ বাহরাইনে অবস্থিত হওয়ায় মামলাটি সুষ্ঠু তদন্তের স্বার্থে অধিকতর তদন্তের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৮৮ ধারা অনুযায়ী সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ১৯ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ/০৩ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৩-৫৪১—খুলনা জেলার পাইকগাছা থানার সাধারণ ডায়েরী নং-১০৩৯, তারিখঃ ২৫-১০-২০১৩ খ্রিঃ এবং পাইকগাছা থানার মামলা নং-৩২, তারিখঃ ২৫-১০-২০১৩ মূলে মোঃ মাহবুবুর রহমান কাগজী ওরফে মন্টু কাগজী, পিতা মৃত দাউদ আলী কাগজী, সাং শিববাটি ৯নং ওয়ার্ড, পাইকগাছা, খুলনাসহ কতিপয় লোকজন ১৪৪ ধারা ভংগ করে অপরাধমূলক ষড়যন্ত্র করার উদ্দেশ্যে পোস্টার বিতরণ, জনগণের শত্রুতা বা ঘৃণা সৃষ্টি করতঃ কতিপয় ছাত্রদের নিয়ে রাজনৈতিক কার্যকলাপে অংশ গ্রহণে প্ররোচিত করে মিছিল করার প্রস্তুতি যা দণ্ডবিধি ১২০-খ/১৫৩-ক ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ও ১৯৬-ক ধারার অধীন সরকারের অনুমোদন এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৫-৫৪২—সিএমএম, কোর্ট, সিআর মামলা নং-৭২০/১৪(পল্টন) ঢাকা, তারিখ ৩১-০৩-২০১৫ খ্রিঃ মোতাবেক অভিযুক্ত জনাব তারেক রহমান, পিতা মৃতঃ জিয়াউর রহমান, সিনিয়র ভাইস চেয়ারম্যান, বিএনপি বর্তমানে যুক্তরাজ্যের লন্ডনে পলাতক অবস্থায় দেশের বিরুদ্ধে ও বর্তমান মাননীয় প্রধানমন্ত্রীর বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত রয়েছেন। যুক্তরাজ্য হতে বিভিন্ন দেশে গিয়ে তিনি বিভিন্ন সভা সমাবেশসহ গোপন বৈঠক করে বাংলাদেশ ও সরকারের বিরুদ্ধে বক্তৃতা, বিবৃত্তি, ও ষড়যন্ত্রের অংশ হিসেবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে অপপ্রচার চালিয়ে ও নিন্দা জ্ঞাপন করে বাংলাদেশের স্বাধীনতা এবং সার্বভৌমত্বের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার অপরাধে অভিযুক্ত থাকায় অভিযুক্তের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০ এর ১২৩-ক ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এফ এম তৌহিদুল আলম
সহকারী সচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ০৪ ভাদ্র ১৪২২/১৯ আগস্ট ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৮.২০১৫-৫২২—যেহেতু, ডাঃ নওয়াছি রহমান (১০৯৮৪৩), প্রাক্তন প্রভাষক, কমিউনিটি মেডিসিন, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক ডিগ্রি কলেজ ও হাসপাতাল, মিরপুর, ঢাকাকে ব্রুনাই দারুস সালামে চাকুরির নিমিত্ত মন্ত্রণালয়ের ১২-১১-২০০৯ তারিখের পার-৪/লিয়েন-৪/২০০৯-৫৮৮ নং স্মারকে ০১(এক) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয় এবং তিনি উক্ত লিয়েন ভোগ করার জন্য গত ২০-১২-২০০৯ তারিখে ছাড়পত্র গ্রহণ করেন;

যেহেতু, তিনি মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ২০-১১-২০১৪ খ্রিঃ তারিখ হতে ১৪-০২-২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ১৫-০২-২০১৫ তারিখে যোগদানের আবেদন করেন;

যেহেতু, লিয়েনসহ এবং লিয়েন ব্যতিত তিনি গত ২০-১২-২০০৯ তারিখ হতে ১৪-০২-২০১৫ তারিখ পর্যন্ত কর্ম বিরত ছিলেন এবং গত ১৯-১২-২০১৪ তারিখে কর্মস্থলে তার অনুপস্থিতির মেয়াদ একনাগাড়ে ০৫ বছর পূর্ণ হয়;

যেহেতু, গত ২০-১২-২০১৪ তারিখে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ নওয়াছি রহমান (১০৯৮৪৩), প্রাক্তন প্রভাষক, কমিউনিটি মেডিসিন, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক ডিগ্রি কলেজ ও হাসপাতাল, মিরপুর, ঢাকা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ২০-১২-২০১৪ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

আদেশ

তারিখ, ২৪ আগস্ট ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০৪.০০.০০৫.২০১৩-৫৪০—যেহেতু, ডাঃ মোঃ এখলাসুর রহমান (৩০৪৭৮), অধ্যাপক (শিশু), ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা (প্রাক্তন লাইন ডাইরেক্টর, এনএনএস) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে ২৭-০৪-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০৪.০০.০০৫.২০১৩-২২৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১১-০৮-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, এনএনএস কর্মসূচির সকল ট্রেনিং ভেনুসমূহ ঢাকার বাইরে অবস্থিত হলেও ঢাকায় অবস্থিত স্টেশনারী দোকান হতে পেটি ভাউচারের মাধ্যমে ট্রেনিং মেটারিয়াল ক্রয় করা হয়েছে এবং এ কাজে বিতরণ, বহন এবং রিসিভ রেজিস্ট্রার সংরক্ষণ করা হয়নি। প্রশিক্ষণ সিডিউল/মডিউল, অফিস আদেশ, লেকচার শিডিউল, রেজিস্ট্রেশন এবং হাজিরা খাতা সংরক্ষণ না করে এবং অফিস আদেশ ব্যতীত বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে অযৌক্তিকভাবে ১০,৯১,৮৮,০০০ টাকা ব্যয় করেছেন। তিনি আর্থিক বিধি বিধান লংঘন করে নিয়ম বহির্ভূতভাবে চেকের পরিবর্তে ১৩,৭৯,৭৪,০৯০ টাকা বিভিন্ন ডাক্তার ও সিভিল সার্জনদের নগদ প্রদান করেছেন এবং নগদ অর্থ প্রদানের ক্ষেত্রে যথাযথভাবে ব্যয় সমন্বয় করা হয়নি। এছাড়াও সম্মানী গ্রহণের ক্ষেত্রে দেখা যায়, তিনি ন্যাশনাল কো-অর্ডিনেটর (নন-লোকাল) হিসেবে ২৮৯০ কর্ম দিবস দেখিয়ে (২০৮৫ দিন×১০০০, ৩৯০ দিন×৮০০/- এবং ৪৫ দিন×১২৫০/-) বিভিন্ন ট্রেনিং/ওয়ার্কশপ স্বশরীরে উপস্থিত না হয়েও তিনি প্রাপ্যতা বহির্ভূতভাবে ২৮,২৪,২৫০/-টাকা সম্মানী হিসেবে গ্রহণ করেন যদিও ২০১২ সালের মার্চ/১২ হতে জুন/১২ পর্যন্ত সময়ে ছিল ৭০ কার্য দিবস। পরবর্তীতে অডিট আপত্তির পরিপ্রেক্ষিতে প্রাপ্যতা বহির্ভূতভাবে গ্রহণকৃত মোট ২৫,৫৭,২৫০/-টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদান করেছেন। প্রাপ্রতা, বহির্ভূতভাবে সম্মানী গ্রহণ করে আপত্তিকৃত অর্থ ফেরৎ প্রদান করায় আর্থিক অনিয়ম সংঘটনের সাথে জড়িত থাকার বিষয়টি স্পষ্ট হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ এখলাসুর রহমান (৩০৪৭৮), অধ্যাপক (শিশু), ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে আগামী ০১ (এক) বছরের জন্য তাকে বর্তমানে প্রাপ্য তাঁর বেতন স্কেলের ০১ (এক) ধাপ নীচে অবনমিত করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

আদেশ

তারিখ, ১৬ ভাদ্র ১৪২২/৩১ আগস্ট ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৪-৫৫৬—যেহেতু, ডাঃ তানিয়া রহিম (১০১৬৫১৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামরাই, ঢাকা গত ২০-১১-২০১৩ খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৬-০৫-২০১৪ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৪-৩১৪ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ০৪-০৫-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৪-২৪০ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১২-০৭-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪. ০০.০০.০২২.২০১৫-২২২ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৯-০৮-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ তানিয়া রহিম (১০১৬৫১৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ধামরাই, ঢাকাকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২০-১১-২০১৩ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

আদেশ

তারিখ, ০৬ সেপ্টেম্বর ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৬.২০১৫-৫৮৭—যেহেতু, ডাঃ সৈয়দা শরীফা মেরী (৩১৭৪৫), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), গাইনী, জেনারেল হাসপাতাল, টাংগাইল গত ২০-১০-২০১০ খ্রিঃ তারিখ হতে ১৯-০১-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ১০-০৩-২০১৫ তারিখে ৪৫.১৫০. ০২৭.০১.০০.০২৬.২০১৫-১৫২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৭-০৪-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, স্বাস্থ্য অধিদপ্তরের ২০-১০-২০১০ তারিখের ২৫৫৫৪৭ নং প্রজ্ঞাপনে ডাঃ সৈয়দা শরীফা মেরী (৩১৭৪৫)-কে আবাসিক সার্জন হিসেবে জেনারেল হাসপাতাল, টাংগাইলে বদলি/পদায়ন করা হলে তিনি পদায়নকৃত কর্মস্থলে যোগদান করেননি। তিনি অসুস্থতার কারণ দেখিয়ে বদলিকৃত কর্মস্থলে যোগদানে বিরত থাকেন। ২০০৭ সালে তাঁর Angioplasty with stenting in the left main coronary artery সম্পন্ন হলেও তিনি তাঁর অসুস্থতার বিষয়টি যথাযথ কর্তৃপক্ষকে যথাসময়ে অবহিত করেননি এবং অসুস্থতাজনিত কারণে কর্তৃপক্ষের নিকট ছুটির কোন আবেদনও করেননি;

এক্ষণে, সেহেতু, ডাঃ সৈয়দা শরীফা মেরী (৩১৭৪৫), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), গাইনী, জেনারেল হাসপাতাল, টাংগাইল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে আগামী ০১(এক) বছরের জন্য তাকে বর্তমানে প্রাপ্য তাঁর বেতন স্কেলের সর্বনিম্নধাপে অবনমিত করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

তাঁর ২০-১০-২০১০ খ্রিঃ তারিখ হতে ১৯-০১-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছর ০৩ (তিন) মাস ১৪ (চৌদ্দ) দিন পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ হিসেবে ছুটি মঞ্জুর করা হলো।

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

আদেশাবলী

তারিখ, ১৯ আগস্ট ২০১৫

নং ৪৫.১৫০.০০৪.০১.০০.২৭৩.২০১২-৫২৪—যেহেতু, ডাঃ আবুল কালাম আজাদ (কোড ১২৪২২২), মেডিকেল অফিসার, বাতাকান্দি উপস্বাস্থ্য কেন্দ্র, তিতাস, কুমিল্লা 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৬-০১-২০১৩ তারিখে ৪৫.১৫০.০০৪. ০১.০০.২৭৩.২০১৩-৪২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটশের জবাব প্রদান না করায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে কেন 'চাকুরি হতে বরখাস্ত' করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ আবুল কালাম আজাদ (কোড ১২৪২২২), মেডিকেল অফিসার, বাতাকান্দি উপ-স্বাস্থ্য কেন্দ্র, তিতাস, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০২ (দুই) বছরের জন্য ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের টাকা ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০×১১-২০,৩৭০ এর সর্বনিম্ন ধাপে অবনমিত করে ১১,০০০ টাকা নির্ধারণ করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

কর্মস্থলে তাঁর অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৩.২০১৫-৫২৫—যেহেতু, ডাঃ কাজী মোহাম্মদ আরিফুল কবির (১১৫৩০১), সহকারী রেজিস্ট্রার (ইএনটি অনকোলজি), জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা ০১-০৭-২০১৪ তারিখ হতে ২৬-১১-২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ" ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ৩০-০৬-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৩.২০১৫-৩৮৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১১-০৮-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ কাজী মোহাম্মদ আরিফুল কবির (১১৫৩০১), সহকারী রেজিস্ট্রার (ইএনটি অনকোলজি), জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতের জন্য সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তাঁর গত ০১-০৭-২০১৪ তারিখ হতে ২৬-১১-২০১৪ তারিখ পর্যন্ত সময়কে পাওনা সাপেক্ষে অর্জিত ছুটি/বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২.২০১৫-৫২৬—যেহেতু, ডাঃ মোহাম্মদ সাখাওয়াত হোসেন (১১২৫৬৪), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাহিরপুর, সুনামগঞ্জ গত ২৭-০১-২০১২ তারিখ হতে ১৩-১২-২০১৪ তারিখ পর্যন্ত 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ" ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৭-০৫-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩২. ২০১৫-২৮৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১১-০৮-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ সাখাওয়াত হোসেন (১১২৫৬৪), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাহিরপুর, সুনামগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ২৭-০১-২০১২ তারিখ হতে ১৩-১২-২০১৪ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২০৮.২০১৩-৫২৮—যেহেতু, ডাঃ মোঃ রফিকুজ্জামান (১০০১৭৬৮), মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, গাইবান্ধা (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিলমারী, কুড়িগ্রাম) গত ১৭-০৯-২০১৩ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ" ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ০৮-০১-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.২০৮.২০১৩-১২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ রফিকুজ্জামান (১০০১৭৬৮), মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, গাইবান্ধা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে তাকে 'তিরস্কার (Censure)' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল। তাঁর ১৮-০৯-২০১৩ তারিখ ১২-০৪-২০১৪ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৪-৫২৯—যেহেতু, ডাঃ মোঃ মোসলেম উদ্দিন (৩২৮৩৮), সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর (প্রাক্তন সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন), সদর হাসপাতাল, মাদারীপুর) এর বিরুদ্ধে সরকারি (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ" ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ৩০-০৩-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১২৪.২০১৪-১৮০ স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১১-০৮-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মোসলেম উদ্দিন (৩২৮৩৮), সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে তাঁকে 'তিরস্কার (Censure)' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল। তাঁর ১৭-১১-২০১৪ তারিখ হতে ১০-১২-২০১৪ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

তারিখ, ২৩ আগস্ট ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৪-৫৩৭—যেহেতু, ডাঃ নাহিদ ই-সুবহা (১১৪৭৬০), মেডিকেল অফিসার, সরকারী আউটডোর ডিসপেনসারী (জিওডি), উত্তরা, ঢাকা গত ০১-০৭-২০১০খ্রিঃ তারিখ হতে ১২-০২-২০১৩খ্রিঃ তারিখ পর্যন্ত 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি

কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৪-০৭-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭০.২০১৪-৫৮৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ নাহিদ ই-সুবহা (১১৪৭৬০), মেডিকেল অফিসার, সরকারী আউটডোর ডিসপেনসারী (জিওডি), উত্তরা, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০১ (এক) বছরের জন্য ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের টাকা ১১,০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০ এর সর্বনিম্ন ধাপে অবনমিত করে তাঁর বেতন ১১,০০০ টাকা নির্ধারণ করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে। তাঁর ০১-০৭-২০১০ তারিখ হতে ১২-০২-২০১৩ তারিখ পর্যন্ত অনুপস্থিতকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

গত ০১-০৭-২০১০ তারিখ হতে ১২-০২-২০১৩ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে উক্ত সময়ে অবৈধভাবে স্বাস্থ্য অধিদপ্তরের ওএসডি পদের বিপরীতে বেতন-ভাতা গ্রহণ করায় তাকে বর্ধিত সময়ে উত্তোলিত বেতন-ভাতাদি ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

তারিখ, ২৭ আগস্ট ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১৫-৫৫০—যেহেতু, ডাঃ মোঃ মাহমুদ আলী (১২১৭৩৪), সহকারী রেজিস্ট্রার (ইএনটি), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী ২৩-০৪-২০১৫ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৮-০৭-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৪.২০১৫-৪৫১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৮-০৮-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মাহমুদ আলী (১২১৭৩৪), সহকারী রেজিস্ট্রার (ইএনটি), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তারিখ, ০১ সেপ্টেম্বর ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭২.২০১৫-৫৬২—যেহেতু, ডাঃ শহীদুল ইসলাম চৌধুরী (১২৯০৩৭), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী গত ০২-১০-২০১৪ খ্রিঃ তারিখ হতে ১২-১১-২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২১-০৬-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭২. ২০১৫-৩৩৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৯-০৮-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ শহীদুল ইসলাম চৌধুরী (১২৯০৩৭), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল;

তাঁর ০২-১০-২০১৪ তারিখ হতে ১২-১১-২০১৪ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তাকে অনুপস্থিতকালীন সময়ে উত্তোলিত বেতন-ভাতা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

তারিখ, ০৩ সেপ্টেম্বর ২০১৫

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৮.২০১৫-৫৭৪—যেহেতু, ডাঃ মোহাম্মদ শাহা আলম (১০৭১৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে মিথ্যা জখমী সার্টিফিকেট প্রদানের অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ২৮-০৭-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৮. ২০১৫-৪৫৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৩০-০৮-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, University of Manitoba এর offer letter এর যথার্থতা বিষয়ে University of Manitoba য় ই-মেইল করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে তার দাখিলকৃত offer letter জাল মর্মে জানানো হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ শাহা আলম (১০৭১৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক

আগামী ০২ (দুই) বছরের জন্য ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের টাকা ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০×১১-২০,৩৭০ এর সর্বনিম্ন ধাপে অবনমিত করে তাঁর বেতন ১১,০০০ টাকা নির্ধারণ করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪২.২০১৪-৫৭৫—যেহেতু, ডাঃ মোঃ আতা রাব্বী (১২২৭৩৪), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রামগতি, লক্ষ্মিপুর এর বিরুদ্ধে মিথ্যা জখমী সার্টিফিকেট প্রদানের অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ০৩-০৮-২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪২.২০১৪-৪৭৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৩০-০৮-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে মিথ্যা মেডিকেল সার্টিফিকেট প্রদান, রোগীদের সাথে দুর্ব্যবহার, হাসপাতালে আগত রোগীদের নিকট ফি-দাবীসহ সরকারি কাজ-কর্মে অনিয়ম, খাম খেয়ালী এবং উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে বিভিন্ন কাজে অনিয়মতান্ত্রিকভাবে মতবিরোধে জড়িত হওয়ার অভিযোগ প্রাথমকি তদন্তে প্রমাণিত হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আতা রাব্বী (১২২৭৩৪), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রামগতি, লক্ষ্মিপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০১ (এক) বছরের জন্য ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের টাকা ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০×১১-২০,৩৭০ এর সর্বনিম্ন ধাপে অবনমিত করে তাঁর বেতন ১১,০০০ টাকা নির্ধারণ করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

বিমান কুমার সাহা এনডিসি
অতিরিক্ত সচিব।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উন্নয়ন-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ শ্রাবণ ১৪২২/০৯ আগস্ট ২০১৫

নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০২৬.২০১৫-৬৯১—যেহেতু, জনাব এ, এস, এম, মামুনুর রশীদ, উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, উপজেলা রুমা, জেলা বান্দরবান, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলা প্রকৌশলীর দপ্তরে উপ-সহকারী প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাকালে এলজিইডি হতে তাঁর বিরুদ্ধে ২৪-১২-২০১২ তারিখ বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় এলজিইডির ২৯-০৭-২০১৩ তারিখের এলজিইডি/সিই/ই-০৯/২০১২/৬১৯৬ নম্বর স্মারক মাধ্যমে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক তাঁকে টাইম স্কেলের নিম্নস্তরে নামিয়ে দেয়ার শাস্তি আরোপ করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হয়;

যেহেতু, জনাব এ, এস, এম, মামুনুর রশীদ তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আরোপিত শাস্তির বিরুদ্ধে আপীল আবেদন দাখিল করেন;

যেহেতু, জনাব এ, এস, এম, মামুনুর রশীদ এর দাখিলকৃত আপীলের জবাব, আনুষাঙ্গিক রেকর্ডপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য বিস্তারিত পর্যালোচনাপূর্বক তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ২৯-০৭-২০১৩ তারিখের এলজিইডি/সিই/ই-০৯/২০১২/৬১৯৬ নম্বর অফিস আদেশে আরোপিত লঘুদণ্ড হিসেবে 'টাইম স্কেলের নিম্নস্তরে নামিয়ে দেয়া'র শাস্তির পরিমাণ কমিয়ে তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' দণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব এ, এস, এম, মামুনুর রশীদ, উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, উপজেলা রুমা, জেলা বান্দরবান (সাবেক উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর, নবীগঞ্জ, হবিগঞ্জ) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ২৯-০৭-২০১৩ তারিখের এলজিইডি/সিই/ই-০৯/২০১২/৬১৯৬ নম্বর অফিস আদেশে আরোপিত লঘুদণ্ড হিসেবে 'টাইম স্কেলের নিম্নস্তরে নামিয়ে দেয়া'র শাস্তির পরিমাণ কমিয়ে তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' দণ্ড আরোপ করে আপীল নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক
ভারপ্রাপ্ত সচিব।

পানি সরবরাহ-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ০৮ ভাদ্র ১৪২২/২৩ আগস্ট ২০১৫

নং ৪৬.০০.০০০০.০৮৪.১৮.০১০.১১-২৫৪—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (৬নং আইন) এর ৬(১)(টি) এবং ৬(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ-এর মনোনীত প্রতিনিধি ইঞ্জিঃ শেখ রফিকুল ইসলাম তাপস-কে ০৪-০৪-২০১৫ খ্রিঃ তারিখ হতে ৩(তিন) বছরের জন্য পুনরায় খুলনা ওয়াসা বোর্ডের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ ফারুক-উজ-জামান
সিনিয়র সহকারী সচিব।

[একই স্মারক নম্বর ও তারিখ স্থলাভিষিক্ত বলে গণ্য হবে]

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ অক্টোবর ২০১৫

নং ২২.০০.০০০০.০৬৮.০১২.০১.২০১২-৫৮৮—পরিবেশ ও বন মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি/নিয়োগ বোর্ডের ৪-৬-২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ মোতাবেক জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী বি.সি.এস (বন) ক্যাডারের নিম্নোক্ত কর্মকর্তাগণ-কে তাঁদের চাকরিকাল সহকারী বন সংরক্ষক পদে ১০ বছর পূর্তিতে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ২২,২৫০-৩১,২৫০ স্কেল (৫ম গ্রেড) প্রদান করা হলো :

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি (জ্যেষ্ঠতা অনুযায়ী)	চাকরিতে যোগদানের তারিখ	৫ম গ্রেড প্রাপ্যতার তারিখ
(১)	জনাব মোঃ জাহিদুল কবির, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(২)	জনাব এ, এস, এম জহির উদ্দিন আকন, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(৩)	জনাব হোসাইন মুহম্মদ নিশাদ, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(৪)	জনাব মোঃ সাইদুর রশিদ, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(৫)	জনাব ইমরান আহমেদ, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(৬)	জনাব মোঃ সালাউদ্দিন, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(৭)	জনাব মোহাম্মদ আমিনুল ইসলাম, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(৮)	জনাব বিপুল কৃষ্ণ দাস, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(৯)	জনাব মোহাম্মদ মিজানুর রহমান, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(১০)	জনাব মোঃ জাহিদুর রহমান মিয়া, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(১১)	জনাব মোঃ হুমায়ুন কবির, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩
(১২)	বেগম উম্মে হাবিবা, সহকারী বন সংরক্ষক	১০-১২-২০০৩	১০-১২-২০১৩

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

[একই স্মারক নম্বর ও তারিখ স্থলাভিষিক্ত বলে গণ্য হবে]

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ আশ্বিন, ১৪২২/১৩ অক্টোবর ২০১৫

নং ২২.০০.০০০০.০৬৮.০১২.০০১.২০১২-৫৮৯—পরিবেশ ও বন মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি/নিয়োগ কমিটির সুপারিশক্রমে বন অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাদের-কে জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী উপ-বন সংরক্ষক এর পদের বেতনক্রম ২২,২৫০-৯০০×১০-৩১,২৫০ টাকা স্কেলে (৫ম গ্রেড) বি.সি.এস (বন) ক্যাডারের উপ-বন সংরক্ষক পদে পদোন্নতি প্রদান করা হলো :

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদোন্নতিপ্রাপ্ত পদ
(১)	জনাব মোঃ জাহিদুল কবির	উপ-বন সংরক্ষক
(২)	জনাব এ, এস, এম জহির উদ্দিন আকন	উপ-বন সংরক্ষক
(৩)	জনাব হোসাইন মুহম্মদ নিশাদ	উপ-বন সংরক্ষক
(৪)	জনাব মোঃ সাইদুর রশিদ	উপ-বন সংরক্ষক
(৫)	জনাব ইমরান আহমেদ	উপ-বন সংরক্ষক
(৬)	জনাব মোঃ সালাউদ্দিন	উপ-বন সংরক্ষক
(৭)	জনাব মোহাম্মদ আমিনুল ইসলাম	উপ-বন সংরক্ষক
(৮)	জনাব বিপুল কৃষ্ণ দাস	উপ-বন সংরক্ষক
(৯)	জনাব মোহাম্মদ মিজানুর রহমান	উপ-বন সংরক্ষক

২। পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণ পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

অপারেশন-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আশ্বিন ১৪২২/০৭ অক্টোবর ২০১৫

নং ২৮.০০.০০০০.০২৮.৩৫.০১৫.১৫.৩৮৪—গ্যাসের চাহিদা ও সরবরাহের ক্রমবর্ধমান ঘাটতির কারণে বিকল্প জ্বালানি থাকার ফলে সিএনজি স্টেশনে গ্যাস সংযোগের বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হলো :

"**********

(ঝ) সিএনজি স্টেশনের জন্য নতুন কোন সংযোগ প্রদান করা হবে না।

**********"

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ আহসানুল জব্বার
অতিরিক্ত সচিব (প্রশাসঃ/অপাঃ)।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭

আদেশ

তারিখ, ১২ অক্টোবর ২০১৫

নং বিচার-৭/২এন-১৫৮/৮০-৫৪০—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মাহফুজুল করিম আহমেদ, পিতা মৃত আব্দুল করিম, মাতা মৃত লিয়াকত আক্তার, গ্রাম উজানগাঁও, ডাকঘর মনাষ, উপজেলা বারহাট্টা, জেলা নেত্রকোনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোনা জেলার বারহাট্টা উপজেলাধীন ৪নং আসমা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

ওয়াসিম শেখ
সিনিয়র সহকারী সচিব।